আজকের কাগজ

তারিখ 14 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৫

# দু'টি হলে তল্লাশি ৪ বহিরাগত গ্রেফতার

**কাগজ প্রতিবেদক :** গতকাল রাত সাড়ে ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি হলে পুলিশ তল্লাশি চালায়। সূর্যসেন হল ও হাজী মোঃ মহসীন হলে প্রায় ১ ঘন্টা ধরে পুলিশ তল্লাশি অভিযান চালায়। এ সময় সূর্যসেন হল থেকে পুলিশ চারজন বহিরাগতকে গ্রেফতার করে। কিন্তু পুলিশ দু'টি হল থেকে কোনো অস্ত্র পায়নি। তল্লাশিকালে আবাসিক শিককরা উপস্থিত ছিলেন।